Lens Asia

১৩ নভেম্বর, ২০২৫

# আজ মানবতাবিরোধী অপরাধের মামলায় শেখ হাসিনা–কামালের রায়



সংগৃহীত ছবি

জুলাই–আগস্ট আন্দোলনে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালসহ তিনজনের বিরুদ্ধে রায়ের দিন ঠিক করা হবে আজ। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন বেঞ্চ আজ (১৩ নভেম্বর) এ বিষয়ে সিদ্ধান্ত দেবেন।

মামলার শুনানি ও যুক্তিতর্ক শেষ হয় গত ২৩ অক্টোবর। রাষ্ট্রপক্ষ শেখ হাসিনা ও কামালের সর্বোচ্চ শাস্তি দাবি করে, অপরপক্ষ অভিযোগ খারিজের আবেদন জানায়। ট্রাইব্যুনাল সূত্রে জানা গেছে, রায়ের তারিখ ঘোষণার পর এক সপ্তাহের মধ্যেই রায় পড়া হতে পারে।

এ মামলায় সাবেক পুলিশ মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল-মামুন রাজসাক্ষী হিসেবে জবানবন্দি দিয়েছেন। প্রসিকিউশন তার বিষয়ে সিদ্ধান্ত আদালতের ওপর ছেড়ে দিয়েছে, আর তার পক্ষে আইনজীবী খালাসের আবেদন করেছেন।

পাঁচটি অভিযোগে অভিযুক্ত আসামিদের বিরুদ্ধে উসকানি, হত্যাকাণ্ডে অংশগ্রহণ ও লাশ পোড়ানোর মতো অপরাধের প্রমাণ উপস্থাপন করা হয়েছে। মামলার নথি প্রায় আট হাজার পৃষ্ঠার এবং সাক্ষ্য দিয়েছেন মোট ৫৪ জন।

রায়কে কেন্দ্র করে নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের কর্মসূচি ঘিরে নিরাপত্তা জোরদার করা হয়েছে। ট্রাইব্যুনাল ও আশপাশের এলাকায় সেনা, বিজিবি ও পুলিশ মোতায়েন রয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী জানিয়েছে—রায়কে ঘিরে কোনো অস্থিরতা সহ্য করা হবে না।